

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৫২

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَجُلًا قَالَ لَهُ: مَاتَ ابْنُ لِي فَوَجَدْتُ عَلَيْهِ هَلْ سَمِعْتَ مِنْ خَلِيلِكَ صَلَوَاتُ اللَّهِ عَلَيْهِ شَيْئًا يَطَيِّبُ بِأَنْفُسِنَا عَنْ مَوْتَانَا؟ قَالَ: نَعَمْ سَمِعْتُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «صِغَارُهُمْ دَعَامِيصُ الْجَنَّةِ يلقى أحدهم أَبَاهُ فَيَأْخُذ بِنَاحِيَةِ تَوْبِهِ فَلَا يُفَارِقُهُ حَتَّى يُدْخِلَهُ الْجَنَّةَ». رَوَاهُ مُسلم وَأحمد وَاللَّفْظ لَهُ

বাংলা

১৭৫২-[৩১] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা এক ব্যক্তি তাঁকে বলল, আমার একটি পুত্র সন্তান মারা গেছে, যার জন্য আমি শোকাহত। আপনি কি আপনার বন্ধু (মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে এমন কোন কথা শুনেছেন যা আমাদের হৃদয়কে খুশী করতে পারে? আবৃ হুরায়রাহ্ (রাঃ) বললেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, মুসলিমদের শিশুরা জান্নাতে সাগরের মাছের মতো সাঁতার কাটতে থাকবে। যখন তারা তাদের পিতাকে পাবে তখন পিতার কাপড়ের কোণা টেনে ধরবে। পিতাকে জান্নাতে না পোঁছানো পর্যন্ত ছাড়বে না। (মুসলিম, আহমাদ; ভাষা ইমাম আহমাদের)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৬৩৫, আহমাদ ১০৩৩২, সুনানুল কুবরা লিল বায়হাকী ৭১৪৩, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ৪৩১, সহীহ আত্ তারগীব ১৯৯৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে সে সকল মু'মিন পিতা-মাতার ফাযীলাত ও গুরুত্বের কথা বলা হয়েছে, যাদের ছোট ছোট সন্তান মৃত্যুবরণ করেছে। হাদীসে ুন্না আলু হাসান আল কায়সীকে বুঝানো হয়েছে। এর স্বপক্ষে সহীহ মুসলিমে রিওয়ায়াত রয়েছে।



যখন আবৃ হাসান-এর ছোট একটি সন্তান যারা যায়, তখন তিনি অত্যন্ত দুঃখ পান। অতঃপর তিনি আবৃ হুরায়রার কাছে জানতে চান যে, এ ব্যাপারে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পক্ষ থেকে কোন সুসংবাদ আছে কিনা। তখন আবৃ হুরায়রাহ্ (রাঃ) বলেন, এ ব্যাপারে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে সকল মু'মিনদের ছোট ছোট সন্তান মারা যায় তারা জান্নাতের মধ্যে অবস্থান করবে। পিতা-মাতার ইন্তিকালের পরে তারা তাদের কাপড়ের পার্শ্ব শক্ত করে ধরবে এবং তাদেরকে নিয়ে জান্নাতে প্রবেশ করবে।

এ হাদীসে পিতার কথা উল্লেখ থাকলেও মুসলিমের অপর হাদীসে পিতা-মাতার উভয়ের কথা উল্লেখ আছে। এ হাদীসে জামার কথা থাকলেও মুসলিমের অপর হাদীসে হাতের কথা উল্লেখ করা হয়েছে। অর্থাৎ ছোট সন্তানরা পিতা-মাতাকে হাত ধরে জান্নাতে নিয়ে যাবে। এ হাদীস এ কথারও দলীল যে, মু'মিনদের যে সকল ছোট ছোট সন্তান মারা যাবে, তারা জান্নাতের অধিবাসী। আর পিতা-মাতা যদি নেককার হয় এবং এ কারণে সাওয়াবের আশা করে তাহলে পিতা-মাতাও সন্তানের সাথে জান্নাতে প্রবেশ করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন